দৈনিক সংবাদ

তারিখ 16 MAY 1993
পৃষ্ঠা ২ কলাম ৩

# বিসিএস (সাধারণ শিক্ষা) ক্যাডারের বিশেষ পরীক্ষার ফল প্রকাশিত

(নিজস্ব বার্তা পরিবেশক)

দেশের বিভিন্ন সরকারী কলেজে প্রভাষক হিসেবে নিয়োগের লক্ষ্যে বিসিএস (সাধারণ শিক্ষা) ক্যাডারের বিশেষ পরীক্ষার ফলাফল গতকাল শনিবার ঘোষণা করা হয়েছে। এতে বিভিন্ন বিষয়ের মোট ১৮৮৬ জন সাময়িকভাবে মনোনীত হয়েছেন।

পাবলিক সার্ভিস কমিশন জানিয়েছে,

বিস্তারিত ফল ১০-এর পৃষ্ঠায়

পরবর্তীতে যেকোন সময় প্রার্থীর যোগ্যতায় ভুলত্রুটি দেখা গেলে তার মনোনয়ন সংশোধন এবং স্বাস্থ্য পরীক্ষায় উত্তীর্ণ হওয়া ও পুলিশ ভেরিফিকেশন সাপেক্ষে এই মনোনয়ন দেয়া হয়েছে। স্বাস্থ্য পরীক্ষার জন্য স্বাস্থ্য অধিদপ্তরের মহাপরিচালক মেডিক্যাল বোর্ড গঠন করার পর মনোনীত প্রার্থীদের কাছে চিঠি পাঠানো হবে।

পরীক্ষায় বিভিন্ন বিষয়ের জন্য মনোনীত প্রার্থীসংখ্যা হচ্ছে : বাংলা ১২৫, ইংরেজী ১৫৯, অর্থনীতি ১৫৩, রাষ্ট্রবিজ্ঞান ১৫১, ইতিহাস ১২০, ইসলামের ইতিহাস ৯৭, দর্শন ১২৩, হিসাব বিজ্ঞান ১১৯, ব্যবস্থাপনা ১১৯, অংক ১০০, পদার্থ বিজ্ঞান ১০২, রসায়ন ৮৫, উদ্ভিদ বিজ্ঞান ১১০, প্রাণী বিজ্ঞান ১০৫, ভূগোল ২৭, সমাজকল্যাণ ৪৫, পরিসংখ্যান ১০, মনোবিজ্ঞান ১৪, গার্হস্থ্য অর্থনীতি ১১, মৃত্তিকা বিজ্ঞান ৩, আরবী ১৪, ইসলামী শিক্ষা ৩৪, সমাজবিজ্ঞান ৩১, সংস্কৃত ৩, কৃষি বিজ্ঞান ২ এবং শিক্ষক প্রশিক্ষণ কলেজগুলোর বিভিন্ন বিষয়ের জন্য ২৪ জন।